


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.০২.০০৮.১৭-১৫৫

তারিখঃ ০১/০৩/২০১৭ খ্রিঃ।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৬.০৭.০০২.১২(অংশ)-১৩৪, তারিখঃ ১৪/০২/২০১৭ খ্রিঃ এর প্রজ্ঞাপনের ছায়াছবি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

- ১। অধ্যক্ষ, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। সিনিয়র সহকারী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সি টি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন, জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৬। পি এ টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৭। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল)
সহকারী পরিচালক-২

স্বাক্ষর
AD-2 28/2/19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৭.০০২.১২ (অংশ)-১৩৪

তারিখঃ ০২ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরারবীন চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন বিগত ১৩/০৩/২০১১ খ্রিঃ তারিখ হতে ০২/০২/২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। অননুমোদিত এরূপ অনুপস্থিতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/০৮/২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৭.০০২.১২(অংশ)-৫৮৭ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এবং বিধি ৩ (সি) মতে 'ডিজারশন' এর অভিযোগে তার অনুকূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি বিগত ০৬ অক্টোবর ২০১৫ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত গুনানির জন্য প্রার্থনা করেন।

০২। অতঃপর বিগত ১০ জানুয়ারি ২০১৬ তারিখে তার ব্যক্তিগত গুনানি অনুষ্ঠিত হয়। সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত গুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার পরিপ্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এবং বিধি ৩ (সি) মতে 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) মতে 'অসদাচরণ' এবং বিধি ৩ (সি) মতে 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন কে ভবিষ্যতের জন্য কঠোরভাবে 'সতর্ক' করে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। অননুমোদিত অনুপস্থিতির কালকে অর্থাৎ ১৩/০৩/২০১১ খ্রিঃ তারিখ হতে ০২/০২/২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) বৎসর ১০ (দশ) মাস ২০ (বিশ) দিন ভূতাপেক্ষভাবে লিয়েন মঞ্জুর করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
ভারপ্রাপ্ত সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৭.০০২.১২ (অংশ)-

তারিখঃ ০১ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মোহাম্মদ নাজিম উদ্দিন এর ব্যক্তিগত নথিতে/ডেসিস্যারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (২) অধ্যক্ষ, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম।
- (৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৫) জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন, জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম।

স্বাক্ষরিত/-
(মোঃ নাজমীন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৩৮৭৬